অলিম্পিকে ইতিহাস গড়লেন মাইকেল ফলপস

ওয়াসিম খান পলাশ
প্যারিস থেকে

এবারের বেইজিং অলিম্পিকে ইতিহাস গড়লেন মার্কিন যুক্তরাষ্ট্রের ২৩ বছর বয়সি তরুন সাতারু মাইকেল ফলপস [PHELPH Michael]। মোট ৮ টি স্বর্ন পদক জিতে ১৯৭২ সালে মিউনিখ অলিম্পিকে গড়া স্বদেশি সাতারু মার্ক স্পিখজ এর সাতটি সোনা জেতার রেকর্ড ভেঙে নতুন ইতিহাস গড়লেন তিনি। এবারের অলিম্পিকে তিনি জল দানব হিসেবে আর্বিভুত হয়েছিলেন। অলিম্পিকের অন্যান্য ইভেন্ট গুলো মাইকেল ফলপসের জ্বরে ঢাকা পড়ে গেছে।

রেকর্ড ভাঙা-গড়াটা অনেকটা নিত্যকার ব্যাপার। কিন্ত এত বিশাল একটি রেকর্ডকে তাড়া করে ভাঙা যে কত মেরিটের ব্যাপার তা কল্পনাকেও হার মানায়। কোন একদিন সাত সোনা জয়ের রেকর্ড কেউ ভাঙবে এটা জ্যোতিষীবিদ্দের পক্ষেও বলা সম্ভব ছিল না। কল্পনাকে হার মানায় বলেই এটি একটি ইতিহাস। একটি ইতিহাস গড়তে অপেক্ষা করতে হয়েছে ৩৬টি বছর। এতে প্রমানিত হলো যে মাইকেল ফলপস এর মত প্রতিভারা বছর বছর জন্মায় না। পৃথিবীতে একজন মাইকেল ফলপস এর জন্য অপেক্ষা করতে হয় ৩৬ থেকে ১০০ বছর। অলিম্পিকে মাইকেল ফলপসের ইভেন্ট গুলো ছিল ;

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com

Mens 100 m Btterfl
200m Free Style

200m Butterfly
200m Individual Medley
100m Individual
4m Individual Medley
4*200m Free Style Relay
4 * 100m Free Style Relay

গত গ্রীস অলিম্পিকে মাইকেল ইতিহাস স্পর্শের কাছাকাছি গিয়েও অল্পের জন্য ব্যার্থ হয়েছিলেন। আজ চার বছর পর এসে তিনি সেটা জয় করলেন। এজন্য তাকে সঞ্চয় করতে হয়েছে অনেক ধৈর্য, ষ্টেমিনা, দিতে হয়েছে কনসেনট্রেসন। এছাড়া সুইমিং পুলে সেন্টিমিটার পার সেন্টিমিটার হিসেবতো আসেই। সাতারে বয়স একটি বিশাল ব্যাপার। রেকর্ড গড়ার এটাই ছিল পারফেক্ট বয়স। এবার মিস করলে ২০১২ সালে লন্ডন অলিম্পিকে দাঁড়াবে ২৭ শে। আর ২৭ শে গিয়ে ইতিহাস গড়া অসম্ভব হবে একথা ভালোভাবেই মনে রেখেছিলেন মাইকেল ফলপস।

এবারের অলিম্পিকে মাইকেল ফেলপসের মিশনটা শুরু হয় ১০ ই আগষ্ট অলিম্পিকের তৃতীয় দিনে। ৪০০ মিটার ব্যাক্তিগত মিডলে। ২০০২ সালে এই ইভেন্টে বিশ্ব রেকর্ড করার পর তিনি আর এটি হাত ছাড়া করেননি। গত সাত বছরে তিনি ছয় বার ভেঙেছেন এই ইভেন্টের রের্কডটি। সর্বশেষ ভেঙেছেন অলিম্পিক ট্রায়ালের ফাইনালে। অবশ্য এই ইভেন্টি মাইকেল ফলপসের সবচেয়ে প্রিয় ইভেন্ট। তিনি এই ইভেন্টে বেশ উত্তেজনা বোধ করেন। প্রথম দিন নেমেই বিশ্ব রেকর্ড গড়ে ইতিহাস গড়ার পথে যাত্রা করেছিলেন তিনি।

তবে দ্বিতীয় ৪ * ১০০ মিটার ফ্রিষ্টাইল রিলেতে প্রায় স্বপ্ন ভঙ্গের উপক্রম হয়েছিলো মাইকেল ফলপসের। এই ইভেন্টের এক পর্যায়ে সোনা জিতে যাচ্ছিল ফ্রান্স। ডেকে দাড়িয়ে থাকা মাইকেল ফলপসের চোখে তখন ভর করেছিল স্বপ্ন ভঙ্গের আশংকা। বানার্ডের চেয়ে পিছিয়ে পড়া আংকর লেজাকের উপরই ছিল তার আট স্বপ্ন বাচিয়ে রাখার দায়িত্ব। শেষ পর্যন্ত লেজাক তার দায়িত্ব ঠিক মতই পালন করলেন। সাথে ৩ মিনিট ১২.৩২ সেকেন্ডের বিশ্বরেকর্ড।

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com

সেদিন যুক্তরাষ্ট্র সাতার দলের সবচেয়ে বয়স্ক সাতারু ৩২ বছর বয়সি লেজাকই জলমানবের ভুমিকায় অবতীর্ন হয়েছিলেন। আসলে জয় জয়ই। খেলায় প্রতিদ্বন্দিতা , উত্তেজনা থাকবেই।
মাইকেল ফলপস প্রায় প্রতিটি ইভেন্টে বিশ্ব রেকর্ড ও সোনা জিতলেও এর কয়েকটির হিটে তিনি দ্বিতীয় হয়েছেন। যেমন ১০০ মিটার বাটার ফ্লাইয়ে তিনি তরুন সার্বিয়ান মিলোরাদইয়ের কাছে পরাজিত হয়েছেন। আবার ২০০ মিটার ব্যাক্তিগত মিডলে হিটেও তিনি দ্বিতীয় হয়েছেন। হতে পারে এটা মাইকেল ফলপসের একটি কৌশল। পরের দিনের জন্য কিছুটা শক্তি সঞ্চিত রাখতেই তার এই কৌশল।প্রতিযোগিতার চতুর্থ দিনেই তিনটি ইভেন্টেই বিশ্ব রেকর্ড গড়ে সোনা জিতেন তিনি।

মাইকেল ফলপসের এই কীর্তিতে ঈর্ষান্বিত অনেকেই। তাই সাতার বিশেষজ্ঞ ও সাবেক সাতারুরা কাঠ গড়ায় দাড় করিয়েছেন স্পেডো কম্পানীর এল জেড আর রেসারকে। এল জেড আর একটি অত্যাধুনিক সাতার পোষাক। গত ফেব্রুয়ারীতে এটি ব্যাবহারের পর ডজন খানেক বিশ্ব রেকর্ড হয়েছে। এই পোষাকটিই বাড়িয়ে দিচ্ছে সাতারের গতি। আর ফলপস পড়েছেন এই পোষাক। তাই প্রশ্ন উঠেছে মানুষের সামর্থ্য অতি মাত্রায় পৌছে দিয়েছে এই প্রযুক্তি। ইতালীর কোচ আলবার্তো কাস্তাগনেত্তির ভাষায় এই পোষাক ব্যবহার করে সাতরানো রীতিমত ডোপ নেয়ার মত অপরাধ। ফেলপসের স্বদেশি ডানকান আমস্ট্রং , ১৯৮৮ সিউল অলিম্পিকে ২০০ মিটার ফ্রি ষ্টাইলে সোনা জিতেছিলেন , তিনিও এলজেড আর রেসারের বিপক্ষে। বলেছেন ফিনা এটার অনুমোদন দিয়ে ভুল করেছে।

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com

তার এই সাফল্যের জন্য সতীর্থ খেলোয়াড়দের কথা স্বরন করলেন বার বার। আমার জীবনে এমন একে অন্যের সাফল্যে সুখী টিমমেট পাইনি কখনো। এর চেয়েও বড় বলে মানেন যার অবদান তিনি হলেন কোচ বব বাউম্যান।

ছোটবেলা থেকেই তিনি ছিলেন অত্যন্ত চঞ্চল স্বভাবের। এক মুহূর্তের জন্য ও বসে থাকতে পারতেন না। মা ডেবি ফেলপসকে প্রায়ই স্কুল শিক্ষকদের অভিযোগ শুনতে হতো। সেই ছেলের বিশ্ব জয়ে মায়ের অব দানই বেশি। মাইকেল ফেলপস অত্যন্ত শ্রদ্ধা করেন তার মাকে। মায়ের কাছে এখনো ছোট্টটি আছেন তিনি। ছোট খাটো ভুলের জন্য এখনো মায়ের বকা খেতে হয় তাকে। আর তাইতো একটি বানিজ্যিক প্রতিষ্ঠান অলিম্পিকে সেরা মায়ের স্বীকৃতি দিয়েছে ডেবি ফেলপসকে।

মাইকেল ফলপস ১৯৮৫ সালের ৩০ শে জুন যুক্তরাষ্ট্রের মিডল্যান্ড অঙ্গ রাজ্যের বাল্টমোরে জন্ম গ্রহন করেন। বর্তমানে তিনি মায়ামি অঙ্গরাজ্যের আন আরবোরে বসবাস করেন। জন্মের সময় সাড়ে ৯ পাউন্ড ওজন ও ২৩ ইঞ্চি লম্বা ফেলপসের বর্তমান ও ওজন ৯১ কেজি ও উচ্চতা ১৯৩ সেমি।

এবারের অলিম্পিকে মাইকেল ফলপসের প্রতিদিনের খাবারের তালিকা -

সকালের নাস্তা	১) তিনটি ভাজা ডিমের স্যান্ডউইচ ২) পনির

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com

	৩) টমাটো ৪) লেটুস ৫) পেয়াঁজ ভাজা ৬) মায়োনেজ ৭) তিনটি চকোলেট চিপ প্যানকেক ৮) পাঁচটি ডিমের ওমলেট ৯) তিনটি চিনি দেওয়া ফ্রেঞ্চ টোষ্ট ১০) এক পেয়ালা ভুট্টা পাউডারের ঘন স্যুপ ১১) দুই কাপ কফি
লাঞ্চ	১) আধা কিলোগ্রাম পাস্তা (নুডুলস) ২) দুইটি বড় সাইজের হ্যাম-চিজ স্যান্ডউইচ ৩) এনার্জী ড্রিংকঃ পরিমান- এক হাজার ক্যালোরি
ডিনার	১) আধা কিলোগ্রাম পাস্তা (নুডুলস) ২) একটি লার্জ সাইজের পিজা ৩) এনার্জী ড্রিংক
একুনে, বারো হাজার ক্যালোরি (প্রতিদিন)	

Medal Standings

Swimming

After 32 of 34 Events / As of Aug 17 2008

- News
- Photos
- Videos
- Medallists by Event
- Reports

Sw imming

NOC Name	Men				Women				Total				Rank by
	Gold	Silver	Bronze	Total	Gold	Silver	Bronze	Total	Gold	Silver	Bronze	Total	
SA - United States	10	2	5	17	2	7	5	14	12	9	10	31	1

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com

JS - Australia		4	4	8	6	2	4	12	6	6	8	20	2
N - Japan	2		2	4			1	1	2		3	5	5
3R - Great Britain					2		1	3	2		1	3	=7
ER - Germany					2			2	2			2	=10
IN - China		1		1	1	2	2	5	1	3	2	6	=3
M - Zimbabwe					1	3		4	1	3		4	6
A - France	1	2	3	6					1	2	3	6	=3
A - Italy					1	1		2	1	1		2	=10
OR - Korea	1	1		2					1	1		2	=10
A - Brazil	1		1	2					1		1	2	=10
ED - Netherlands					1			1	1			1	=15
N - Tunisia	1			1					1			1	=15
UN - Hungary		3		3						3		3	=7
JS - Russian Fed.		1	2	3						1	2	3	=7
OR - Norway		1		1			1	1		1	1	2	=10
O - Slovenia						1		1		1		1	=15
B - Serbia		1		1						1		1	=15
JT - Austria							1	1			1	1	=15
AN - Canada			1	1							1	1	=15
EN - Denmark							1	1			1	1	=15
Total													

প্যারিস ১৭-০৮-০৮

polashsl@yahoo.fr

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com